"দক্ষ যুব সমৃদ্ধ দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
শ্রীপুর, গাজীপুর।

# যুব উন্নয়ন অধিদপ্তর, শ্রীপুর, গাজীপুর দপ্তর কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা ও কার্যক্রমসমূহের বিবরণ

## (সিটিজেন চার্টার)

**যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ১৮ থেকে ৩৫ বছর বয়স পর্যন্ত শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাগণকে যে সকল সেবা প্রদান করা হয়ে থাকে তা নিম্নরুপ :**

### ০১। প্রশিক্ষণ সংক্রান্ত সেবাসমূহ :

যুব উন্নয়ন অধিদপ্তর সাধারণতঃ ০২ (দুই) ধরণের প্রশিক্ষণ সেবা দিয়ে থাকে : (ক) প্রাতিষ্ঠানিক এবং (খ) অপ্রাতিষ্ঠানিক।

### (ক) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ট্রেডসমূহ :

| ক্রমিক নং | প্রশিক্ষণ কোর্সের নাম | মেয়াদকাল | প্রশিক্ষণ শুরুর তারিখ | প্রশিক্ষণের ধরণ | শিক্ষাগত যোগ্যতা | কোর্স ফি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন | ০৬ মাস | ০১ জুলাই ও ০১ জানুয়ারী | অনাবাসিক | এইচ,এস,সি | =১,০০০/- |
| ০২ | মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন | ০৬ মাস | ০১ জুলাই ও ০১ জানুয়ারী | " | " | =৫০০/- |
| ০৩ | পোষাক তৈরী | ০৩ মাস | প্রতি ০৩ মাস পরপর | " | ৮ম শ্রেণী | =৫০/- |
| ০৪ | মৎস্য চাষ | ০১ মাস | প্রতি মাসের ০১ তারিখ | " | " | =৫০/- |
| ০৫ | গবাদি পশু, হাঁস-মুরগী পালন ও কৃষি বিষয়ক | ০৩ মাস | ০১ জুলাই হতে ০৩ মাস পরপর | " | " | =১০০/- |
| ০৬ | ইলেকট্রনিক্স | ০৬ মাস | ০১ জুলাই ও ০১ জানুয়ারী | " | " | =৩০০/- |
| ০৭ | ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং | ০৬ মাস | ০১ জুলাই ও ০১ জানুয়ারী | " | " | =৩০০/- |
| ০৮ | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | ০৬ মাস | ০১ জুলাই ও ০১ জানুয়ারী | " | " | =৩০০/- |
| ০৯ | সুয়েটার নিটিং | ০১ মাস | প্রতি মাসের ০১ তারিখ | আবাসিক | " | =৩০০/- |
| ১০ | সুয়েটার লিংকিং | ০১ মাস | প্রতি মাসের ০১ তারিখ | অনাবাসিক | " | =৩০০/- |
| ১১ | আউট সোর্সিং | ০১ মাস | ১ম ব্যাচ জানুয়ারী ও পরবর্তী ব্যাচ মার্চ মাসে | " | এইচ,এস,সি কম্পিউটারে অভিজ্ঞতাসম্পন্ন | =১,০০০/- |

### (খ) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ট্রেডসমূহ :

| ক্রমিক নং | প্রশিক্ষণ ট্রেডের নাম | মেয়াদকাল | প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণের ধরণ | শিক্ষাগত যোগ্যতা | কোর্স ফি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | গাভী পালন | ০৭ দিন | ৩০ জন | অনাবাসিক | ৮ম শ্রেণী | ফ্রি |
| ০২ | গরু মোটাতাজাকরণ | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ০৩ | পারিবারিক হাঁস মুরগী পালন | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ০৪ | ব্রয়লার ও ককরেল পালন | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ০৫ | ছাগল ও ভেড়া পালন | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ০৬ | মৎস্য চাষ | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ০৭ | নার্সারী ও বনায়ন | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ০৮ | পোষাক তৈরী | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ০৯ | নকশি কাঁথা তৈরী | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ১০ | বসতবাড়িতে সবজি চাষ | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ১১ | সাইকেল, রিক্সা ও ভ্যান মেরামত | ০৭ দিন | ৩০ জন | " | " | " |
| ১২ | হস্ত শিল্প/ কুটির শিল্প | ০৭ দিন | ৩০ জন | " | " | " |

### আবেদন পদ্ধতি :

**(ক)** প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণের জন্য জেলা কার্যালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক উপপরিচালক মহোদয়ের কার্যালয়, গাজীপুর দপ্তরে সরাসরি অথবা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, শ্রীপুর দপ্তরের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করতে হয়। জেলা কার্যালয়ের মাধ্যমে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণসমূহ আবাসিক/অনাবাসিক ভিত্তিতে প্রদান করা হয়।

**(খ)** অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার বরাবর আবেদন দাখিল করতে হয়। আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে স্থানীয় যেকোনো ভেন্যুতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়। অপ্রাতিষ্ঠানিক ট্রেডে বিভিন্ন গ্রামে/এলাকায় ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণে ১৮-৩৫ বছর বয়সী শিক্ষিত ও বেকার যুবক ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতি অর্থবছরে ০৭(সাত) দিন মেয়াদে ১৪ (চৌদ্দ) টি ব্যাচে এই প্রশিক্ষণ প্রদান করা হয় এবং উক্ত প্রশিক্ষণ কোর্সগুলোতে সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ কো-অর্ডিনেটর হিসাবে সার্বিক সহযোগিতা করে থাকেন।

**২। যুব ঋণ কর্মসূচি :** প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত যুবক ও যুব মহিলাকে ঋণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবর আবেদন দাখিল করতে হয়। প্রাথমিক জরিপ শেষে চাহিত কাগজ-পত্র মোতাবেক প্রাতিষ্ঠানিক ট্রেডে ঋণের জন্য ১ম দফায় অনধিক =৬০,০০০/- টাকা, ২য় দফায় =৮০,০০০/- টাকা এবং ৩য় দফায় =১,০০,০০০/- টাকা এবং অপ্রাতিষ্ঠানিক ট্রেডে ঋণের জন্য ১ম দফায় অনধিক =৪০,০০০/- টাকা, ২য় দফায় =৫০,০০০/- টাকা এবং ৩য় দফায় =৬০,০০০/- টাকা ঋণ দেয়া হয়।

**৩। যুব সংগঠন নিবন্ধন :** দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠন নিবন্ধন করা হয়। এজন্য যুব সংগঠনে সর্বনিম্ন ২১ (একুশ) জন সদস্যসহ নিজস্ব গঠনতন্ত্র থাকতে হবে। তাছাড়া, সংগঠনের আহবায়ক কমিটি, কার্যকরী কমিটি, ব্যাংক একাউন্ট এবং গঠনতন্ত্রের অনুমোদন কমিটির রেজুলেশনসহ সংগঠনের নিজস্ব জমিতে ঘর না থাকলে =৩০০/- (তিনশত। টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ঘর ভাড়ার চুক্তিপত্র থাকবে হবে। =৫০০/- (পাঁচশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে। সংগঠনের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব ও ব্যাংকের হিসাব বিবরণী এবং সংশ্লিষ্ট কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদনসহ প্রয়োজনীয় কাগজ-পত্র সংযুক্ত করে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবর আবেদন দাখিল করতে হয়। সংগঠনের পরিদর্শন ও আবেদনপত্র যাচাই-বাছাই পূর্বক নিবন্ধনের জন্য উপপরিচালক মহোদয়, গাজীপুর বরাবর আবেদনগুলো প্রেরণ করা হয়।

**৪। যুব সংগঠনকে অনুদান প্রদান :** যুব সংগঠনকে যুব উন্নয়ন অধিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় প্রতিবছর = ৩০,০০০/- টাকা হতে=৫০,০০০/- টাকা পর্যন্ত অনুদান প্রদান করে থাকে। এ সংক্রান্ত আবেদনপত্র যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dyd.gov.bd তে পাওয়া যায়। আবেদন প্রয়োজনীয় তথ্য সংক্রান্ত কাগজ-পত্রসহ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবর দাখিল করতে হয়।

**৫। যুব পুরস্কার :** সফল আত্নকর্মী যুবদের উৎসাহিত করার জন্য যুব পুরস্কারের ব্যবস্থা রয়েছে। এজন্য প্রকল্পের সামগ্রিক তথ্যসমূহ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবর দাখিল করতে হয়। এছাড়া যুব উন্নয়ন অধিদপ্তর জেলা ও উপজেলা পর্যায়ে প্রতিবছর জাতীয় যুব দিবস, আন্তর্জাতিক যুব দিবসসহ বিভিন্ন জাতীয় দিবসসমূহ উদযাপন করে থাকে। প্রতিটি কর্মসূচিতে যুব'রা সক্রিয়ভাবে অংশগ্রহণ করে থাকে।

**বিশেষ দ্রষ্টব্য :** আরও বিস্তারিত তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট - www.dyd.gov.bd তে পাওয়া যাবে।


**সার্বিক যোগাযোগ :**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শ্রীপুর, গাজীপুর।

মোবাইল নম্বর: ০১৭০৯-৩৩০৩৩৩

ফোন: ০২-৯৯৬১৪২১১।